AME(ICT RTHD)
01/04/2019.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৯.১৮-১৪১

তারিখঃ ১৮ চৈত্র ১৪২৫ / ০১ এপ্রিল ২০১৯

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থবছরের ফেব্রুয়ারি ২০১৯ পর্যন্ত জিওবি অর্থায়নে গৃহীত বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যববরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ২৪ মার্চ ২০১৯ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হল। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ সামীমুজ্জামান)
উপপ্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: shamimrafi1968@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃ: আ: পরিচালক-৫)
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৭। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮। অতিরিক্ত সচিব (বাজেট/উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯। ই-ইনসি ইঞ্জিনিয়ার পরিদপ্তর, সেনা সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
১০। যুগ্মসচিব (বিআরটিসি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১। মহাপরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা
১২। মহাপরিচালক, সদর দপ্তর ৩৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, দামপাড়া আর্মি ক্যাম্প, চট্টগ্রাম
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

www.rthd.gov.bd || date: 2019-04-02

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

জিওবি অর্থায়নে গৃহীত বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ফেব্রুয়ারি ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি
পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ২৪ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ |
| সময় | : | ১০.০০ ঘটিকা |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

২. উপস্থাপনাঃ

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাকে অবহিত করা হয় যে, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের মধ্যে ১২টি প্রকল্প বাংলাদেশ সেনাবাহিনীর কনষ্ট্রাকশন ব্রিগেড ২৪ ও ৩৪ কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পসমূহের অনুকূলে ২০১৮-২০১৯ অর্থবছরে ৭৬৮.৯২ কোটি টাকা বরাদ্দ আছে, যা এ বিভাগের এডিপি বরাদ্দের ৩.৮০%। ফেব্রুয়ারি ২০১৯ পর্যন্ত ৩১২.৯৩ কোটি টাকা (৪০.৭০%) ছাড় করে ২৮৭.৯৩ কোটি টাকা ব্যয় করা হয়েছে। বরাদ্দের তুলনায় ব্যয়ের হার ৩৭.৪৪%। চলতি অর্থবছরে জাতীয় আর্থিক অগ্রগতির হার ৩৯.১৩%। আরএডিপিতে এ প্রকল্পসমূহের অনুকূলে ২২০০.৯৯ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে। চলমান, নতুন অনুমোদিত এবং প্রস্তাবিত প্রকল্পের বাস্তবায়ন/প্রক্রিয়াকরণ অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. আলোচনা ও সিদ্ধান্তঃ

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচ্চর-ভাঙ্গা অংশে যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেন উন্নীতকরণ<br><br>মেয়াদ: (১/৩/১৬-৩০/৬/১৯) | সংশোধিত অনুমোদিত ডিপিপির আলোকে নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্তকরণের লক্ষ্যে ৪৯৮.৪২ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের রাজস্ব খাতের বরাদ্দ সংশোধনের প্রয়োজন হলে যথারীতি প্রস্তাব দেয়ার জন্য পরামর্শ দেয়া হয়। | (ক) নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্তকরণের লক্ষ্যে সম্পূর্ণ বরাদ্দের ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>(খ) আরএডিপি বরাদ্দের ব্যয়খাত সংশোধনের প্রস্তাব নির্ধারিত ছকে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও সওজ অধিদপ্তর |
| ৩.২ ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচ্চর-ভাঙ্গা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেন উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ | চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত ১০১২.৯৮ কোটি টাকা ব্যবহার নিশ্চিত করার জন্য সংস্থাকে নির্দেশনা দেয়া হয়। তাছাড়া, অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে ১৫-০৪-২০১৯ তারিখের মধ্যে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়। মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে জরুরি নির্ধারিত ছকে | (ক) চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>(খ) অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে আগামী ১৫-০৪-২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>(গ) মেয়াদ বৃদ্ধির প্রস্তাব জরুরিভিত্তিতে নির্ধারিত ছকে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |

www.rthd.gov.bd // date: 2019-04-02

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| মেয়াদ: (১/১১/১৮-৩০/৬/১৯) | প্রস্তাব দেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়। | | |
| ৩.৩ আলীকদম-জ্বালানীপাড়া-করুকপাতা-পোয়ামুহরী সড়ক নির্মাণ প্রকল্প<br><br>মেয়াদ: (১/১/১৭-৩০/৬/১৯) | আন্তঃমন্ত্রণালয় কমিটি'র সুপারিশ অনুযায়ী সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি দ্রুত অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করার জন্য সংস্থাকে নির্দেশনা দেয়া হয়। | (ক) সংশোধিত ডিপিপি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করতে হবে। | ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৩.৪ বগাছড়ি-ননিয়ারচর-লংগদু সড়কের ১০ম কি:মি: এ চেংগী নদীর উপর ৫০০.০০ মিটার দীর্ঘ সেতু নির্মাণ<br><br>মেয়াদ: (১/১১/১৬-৩১/১২/১৯) | চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করার জন্য সংস্থাকে নির্দেশনা দেয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে বাস্তব অগ্রগতি ত্বরান্বিত করে প্রকল্পটি সমাপ্ত করার পরামর্শ দেয়া হয়। | (ক) চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>(খ) নির্ধারিত সময়ের মধ্যে বাস্তব অগ্রগতি ত্বরান্বিত করে প্রকল্পটি সমাপ্ত করতে হবে। | ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৩.৫ সিলেট শহর বাইপাস-গ্যারিসন লিংক টু শাহ পরাণ সেতু ঘাট সড়ক ৪ লেন মহাসড়ক উন্নয়ন<br><br>মেয়াদ: (১/৪/১৭- ৩১/১২/১৯) | চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করার জন্য সংস্থাকে নির্দেশনা দেয়া হয়। | চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করতে হবে। | ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৩.৬ থানচি-রিমাকরি-মদক-লিকরি সড়ক নির্মাণ প্রকল্প<br><br>মেয়াদ: (১/১/১৭-৩০/৬/২০) | মন্ত্রণালয়ে অনুষ্ঠিত পিএসসি সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি দ্রুত অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য পরিকল্পনা কমিশনকে অনুরোধ করা হয়। চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করার জন্য সংস্থাকে নির্দেশনা দেয়া হয়। | (ক) প্রকল্পটি দ্রুত অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করতে হবে। | ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৩.৭ মিরপুর ডিওএইচএস গেট-২ হতে মিরপুর-১২ বাসস্ট্যান্ড পর্যন্ত | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তব অগ্রগতি ত্বরান্বিত করে চলতি অর্থবছরের | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তব অগ্রগতি ত্বরান্বিত করে চলতি অর্থবছরের | ২৪ কনষ্ট্রাকশন |

www.rthd.gov.bd || date: 2019-04-02

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| মহাসড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্প<br><br>মেয়াদ: (১/৭/১৭- ৩১/১২/১৯) | আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করার জন্য সংস্থাকে নির্দেশনা দেয়া হয়। | আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করতে হবে। | ব্রিগেড |
| ৩.৮ সীমান্ত সড়ক (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা) নির্মাণ (১ম পর্যায়)<br><br>মেয়াদ: (১/১/১৮- ৩০/৬/২১) | চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করার জন্য সংস্থাকে নির্দেশনা দেয়া হয়। এ বরাদ্দকৃত অর্থ ব্যয় করা সম্ভব না হলে আগামী ১৫-০৪-২০১৯ তারিখের মধ্যে নির্ধারিত ছকে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়। সংশোধিত ডিপিপি চূড়ান্ত করে দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হয়। | (ক) চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>(খ) বরাদ্দকৃত অর্থ ব্যয় করা সম্ভব না হলে আগামী ১৫-০৪-২০১৯ তারিখের মধ্যে নির্ধারিত ছকে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>(গ) সংশোধিত DPP দ্রুত চূড়ান্ত করে জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড |
| ৩.৯ ঢাকা-আরিচা মহাসড়কের সাভর সেনানিবাসস্থ শ্যুটিং ক্লাব পয়েন্টে আন্ডারপাস নির্মাণ<br><br>মেয়াদ: (১/১/১৮- ৩০/৬/১৯) | চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যবহার নিশ্চিত করা এবং নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | চলতি অর্থবছরের বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যবহার নিশ্চিত করা এবং নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত করতে হবে। | ২৪ কনস্ট্রাকশন ব্রিগেড |
| ৩.১০ রাজউক পূর্বাচল ৩০০ ফুট মহাসড়ক হতে মাদানী এভিনিউ-সিলেট মহাসড়ক পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ<br><br>মেয়াদ: (১/৭/১৮- ৩১/১২/২০) | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তব অগ্রগতি ত্বরান্বিত করে চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সংস্থাকে নির্দেশনা দেয়া হয়। | প্রকল্পের কর্মপরিকল্পনা প্রণয়ন করে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ৭৫.০০ কোটি টাকা ব্যয় নিশ্চিত করতে হবে। | ২৪ কনস্ট্রাকশন ব্রিগেড |
| ৩.১১ ঢাকা-এয়ারপোর্ট মহাসড়কে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল এবং কলেজ এর নিকট পথচারী আন্ডারপাস নির্মাণ<br><br>মেয়াদ: (১/১/১৮- ৩১/১২/১৯) | চলতি অর্থবছরের বরাদ্দকৃত ৩৫ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। এই বরাদ্দকৃত অর্থের শতভাগ নিশ্চিত করার জন্য নির্দেশনা দেয়া হয়। মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে জরুরিভিত্তিতে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পরামর্শ দেয়া হয়। | (ক) বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>(খ) মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে জরুরিভিত্তিতে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সওজ অধিদপ্তর, ২৪ কনস্ট্রাকশন ব্রিগেড |
| ৩.১২ মহালছড়ি-সিন্দুকছড়ি-জালিয়াপাড়া সড়ক পুনঃনির্মাণ ২য় পর্যায় | একনেক কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয়েছে। চলতি বছরের আরএডিপিতে প্রকল্পটি প্রতিফলিত হয়নি। | আরএডিপিতে বরাদ্দের জন্য স্বয়ংসম্পূর্ন প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সওজ অধিদপ্তর, ৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড |

www.rthd.gov.bd // date: 2019-04-02

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| মেয়াদ: (১/১২/১৮- ৩১/১২/২১) | আরএডিপিতে বরাদ্দের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয়। | | |
| ৪.০ নতুন অননুমোদিত প্রক্রিয়াধীন প্রকল্প | | | |
| ৪.১ কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ (২৩ কিলোমিটার) প্রশস্থকরণ ও ৬ কিলোমিটার পুন:নির্মাণ | পরিকল্পনা কমিশনে প্রেরিত ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণ ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে নির্দেশনা প্রদান করা হয়। | পিইসি সভা আয়োজনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৪.২ মেরিন ড্রাইভের ১ম ১.৭ কিলোমিটার ক্ষতিগ্রস্থ অংশে ফ্লাইওভার নির্মাণ | পরিকল্পনা কমিশনে প্রেরিত ডিপিপি'র ওপর পিইসি সভা আয়োজনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখার জন্য বলা হয়। | পিইসি সভা আয়োজনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৪.৩ ওয়াকওয়ে নির্মাণ প্রকল্প (কলাতলী হতে লাবনী পয়েন্ট) | পরিকল্পনা কমিশনে প্রেরিত ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণ ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে নির্দেশনা প্রদান করা হয় এবং এ বিষয়ে অগ্রগতি সম্পর্কে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণ ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৪.৫ লেবুখালী-রামপুর-মির্জাগঞ্জ সংযোগ সড়ক নির্মাণ | পরিকল্পনা কমিশনে প্রেরিত ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণ ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে নির্দেশনা প্রদান করা হয়। | ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণ ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে। | সওজ অধিদপ্তর, ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও পরিকল্পনা কমিশন |
| ৫. বিবিধ | কোন প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে নির্ধারিত ছকে জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। আরএডিপি বরাদ্দ প্রস্তাব যদি সংশোধনের প্রয়োজন হয় তা ১৫-০৪-২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে | (ক) কোন প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে নির্ধারিত ছকে জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) আরএডিপি বরাদ্দ প্রস্তাব সংশোধনের প্রয়োজন হলে তা আগামী ১৫-০৪-২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে | সওজ অধিদপ্তর ও ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |

www.rthd.gov.bd || date: 2019-04-02

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের কোন ধরনের সংশোধনের প্রয়োজন হলে যথারীতি প্রস্তাব প্রেরণের জন্য সংস্থাসমূহকে নির্দেশনা দেয়া হয়। | হবে। (গ) সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের কোন ধরনের সংশোধনের প্রয়োজন হলে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | |

৬. সভায় আর কোন আলোচনা না থাকায় সভায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

www.rthd.gov.bd || date: 2019-04-02